

০৫ নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ
ধুনট, বগুড়া।

পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষ রোপন কমিটির সভার কার্য বিবরণী

স্থান : ইউপি কার্যালয়

সময় : ১১.০১

তারিখ : ০৮/০৮/২০২২

সন : ২০২২

ক্র: নং	নাম	কমিটিতে পদবী	পদবী	স্বাক্ষর
০১	মনোতোষ মন্ডল	সভাপতি	ইউ.পি সদস্য	মনোতোষ মন্ডল
০২	মোঃ রাস্তা	সদস্য সচিব	শিক্ষক	মোঃ রাস্তা
০৩	মোঃ আঃ রশিদ	সদস্য	গণ্যমাণ্য	মোঃ রশিদ
০৪	শ্রী রতন সরকার	সদস্য	সমাজসেবক	রতন
০৫	মোছাঃ নাছিম খাতুন	সদস্য সচিব	সমাজ সেবিকা	নাছিম খাতুন

আলোচ্য বিষয়ঃ

- ১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষ রোপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৩। বিবিধ

অধ্যকার সভা সভাপতি জনাব মনোতোষ মন্ডল সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হইল।

০১ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

অধ্যকার সভায় গত সভার কার্য বিবরণী পাঠ করিয়া তাতে গুণানি দেওয়া হয় এবং তাতে কোন প্রকার সংযোজন ও বিয়োজন না থাকায় তাহা সর্ব সম্মতিতে অনুমোদন দেওয়া হয়।

০২ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

অধ্যকার সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, বৃক্ষ নিধন বন্ধ করতে হবে। আমাদের অঙ্গীকার করতে হবে যে একটি গাছ কাটলে তার পরিবর্তে ০২ টি গাছ আমরা লাগাবে। গাছ মানুষের বন্ধরমত কাজ করে। তিনি বলেন যে, পরিবেশের যাতে করে অবক্ষয় না হয় সেদিকে সকলের দৃষ্টি রাখতে হবে। গাছ মানুষের জীবন বাচায়। তিনি আরও বলেন যে, পর্যাপ্ত বনায়নের ব্যবস্থা করতে হবে। বনায়নের ফলে পরিবেশের ভারসাম্য রক্ষা হয়। বৃক্ষরোপণের জাতীয়ত্ব দিবসে সহযোগিতা প্রদান এবং ইউনিয়ন পরিষদের সহযোগিতায় বৃক্ষরোপণ ও পরিবেশ সংরক্ষণ বিষয়ে উদ্বুদ্ধকরণ কর্মসূচির আয়োজন। গাছ আমাদের বহুবিধ উপকার সাধন করে। সামাজিক বনায়ন ও বৃক্ষরোপন বিষয়ে জনগণকে উৎসাহ প্রদান। বৃক্ষ নিধন রোধকল্পে কার্যকরী ব্যবস্থা গ্রহণ। স্থানীয় উদ্যোগে রাস্তার ধারে বৃক্ষরোপণ এবং সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক রোপণকৃত বৃক্ষ সংরক্ষণে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা দরকার। গাছ আমাদের জাতীয় সম্পদ। উপকারভোগীদের নিয়ে কমিটি গঠনের মাধ্যমে রোপণকৃত বৃক্ষের যথাযথ সংরক্ষণ নিশ্চিত করণ। পরিবেশগত উন্নয়ন ও বৃক্ষ রোপণের জন্য ইউনিয়ন পর্যায়ে সরকারি ও বেসরকারী সংগঠনের সাথে সমন্বয়সাধন ও সহযোগিতা প্রদান। ইউনিয়ন পর্যায়ে নার্সারী সৃজনে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং আয়বর্ধক কর্মকাণ্ড হিসাবে নার্সারী স্থাপনে পরিষদকে পরামর্শ প্রদান করা। তিনি বলেন যে, গাছ নিধন বন্ধ করতে হবে। সামাজিকভাবে গাছ রক্ষা করতে হবে। পরিবেশ সংরক্ষণে বৃক্ষের গুরুত্ব এবং বৃক্ষরোপণের লাভ/সুফল সম্পর্কে সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন। স্থানীয়ভাবে দুঃস্থ, ভূমিহীন, দরিদ্র জনগোষ্ঠীকে সামাজিক বনায়নে সুফোলভোগী হিসাবে সম্পৃক্তকরণ।

৩। বিবিধ

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কাজ সমাপ্ত করেন।

মনোতোষ মন্ডল

সভাপতি

পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ
ও বৃক্ষ রোপন

ভান্ডারবাড়ী ইউপি, ধুনট, বগুড়া।

শ্রী মনোতোষ মন্ডল

সদস্য ৪নং ওয়ার্ড

৫নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ
ধুনট, বগুড়া।